

# যুগান্তর

## ব্যবসায়ী ও ইউপি সদস্যকে মারধর, জাবি ছাত্রলীগের দুই নেতা বহিষ্কার

👤 জাবি প্রতিনিধি

🕒 ০৭ মে ২০২৩, ২৩:২৫:২৮ | [অনলাইন সংস্করণ](#)



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) সংলগ্ন ইসলামনগর এলাকায় ব্যবসাপ্রতিষ্ঠানে গিয়ে ব্যবসায়ীকে মারধর ও রাঙামাটি এলাকায় পাথালিয়া ইউনিয়নের এক ইউপি সদস্যকে মারধরের ঘটনায় অভিযুক্ত বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দুই নেতাকে সংগঠন থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

তারা হলেন, সহ-সভাপতি সাব্বির হোসেন নাহিদ এবং সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান জয়কে সাময়িক বহিষ্কার করেছে কেন্দ্রীয় ছাত্রলীগ।

রোববার ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান স্বাক্ষরিত এক বিজ্ঞপিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়- সংগঠন বিরোধী, শৃঙ্খলা পরিপন্থী, অপরাধমূলক এবং সংগঠনের মর্যাদা ক্ষুণ্ণ হয় এমন কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহ-সভাপতি সাব্বির হোসেন নাহিদ এবং সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান জয়কে ছাত্রলীগ থেকে সাময়িক বহিষ্কার করা হলো। একই সঙ্গে তাদেরকে কেন স্থায়ী বহিষ্কার করা হবে না- তার উপযুক্ত কারণসহ জবাব আগামী ৭ দিনের মধ্যে ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদের দপ্তর সেলে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023